রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-২৬২ তারিখঃ ৩১/০৮/২০২৩খ্রিঃ

## সভা নং-৩০

পৌর পরিষদের মাসিক (আগষ্ট'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ৩১/০৮/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | ------ |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ২৪/০৭/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | উন্নয়ন মূলক আলোচনাঃ | ১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ জয়নাল আবেদিন সভায় জানান যে, ১নং ওয়ার্ডে হাজী সড়ক ও আবদুল মান্নান সড়কের বেশ কিছু অংশের অবস্থা খুবেই খারাপ। এছাড়া জমিদার হাট বাজারের বাজার গলি সড়কের মাছ বাজার গলি, তরকারী বাজার গলি ও পৌর টলসেড়ের গলি সড়কের অবস্থা খুবেই খারাপ। তিনি জরুরী ভিত্তিতে সড়ক গুলো সংস্কার, নির্মাণ ও পূর্ণ নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুর নবী সভায় জানান যে, তার ওয়ার্ডে পাটওয়ারী সড়ক, মুক্তিযোদ্ধা সফিক মেম্বার সড়ক, সাহাপাড়া দূর্গা মন্দির সড়ক ও এ. আখের সড়কের সংস্কার, নির্মাণ ও পূর্ণ নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, ব্যাপারী পাড়া সড়ক, শিকদার সড়ক, মুন্সি সড়ক ও শিক্ষা গ্রাম সড়ক জরুরী ভিত্তিতে সড়ক গুলো সংস্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, রামগতি পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের বেশ কিছু সড়কের অবস্থা খুবেই খারাপ। চলতি বর্ষা মৌসমে সড়ক গুলো চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। তিনি ১নং ওয়ার্ডের কালু মাঝি সড়ক, ২নং ওয়ার্ডের আশ্রম সড়কের বাকী অংশ , ৩নং ওয়ার্ডের ধোপা বাড়ী সড়ক, মোস্তফা বাড়ী সড়ক এবং রৌশন আলী জামে মসজিদ সড়কটি জরুরী ভিত্তিতে সংস্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিন। তার প্রস্তাবে ১, ২,ও ৩ নং ওয়ার্ড কাউন্সিলর একমত পোষণ করেন।<br><br>৬নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ জনাব মোহাম্মদ নেছার উদ্দিন সভায় জানান যে, তার ওয়ার্ডে আলম খাঁ সড়ক, মোল্লা সড়ক সহ জন গুরুক্ব পূর্ণ সড়ক গুলো জরুরী ভিত্তিতে সংস্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, তার ওয়ার্ডে দ্বীন মোহাম্মদ সড়ক, দিশারী সড়ক, চাপরাশী সড়ক ও গণি মুন্সী সড়কের চলতি বর্ষা মৌসমে ক্ষতিগ্রস্থ অংশের সংস্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় সবার সম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনিত হন যে, রামগতি পৌরসভার আওতাধীন সকল ওয়ার্ডের জনগুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ সড়ক গুলো অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |
| ০৩ | পানির লাইনের সংযোগ ফি নিধারণ, পানি ট্যারিফ নির্ধারণ সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জনান যে, পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা উপ-আইনের আলোকে ওয়ার্ড সমন্বয় সভা ও TLCC কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে পানির সংযোগ ট্যারিফ আবেদন ফি ও সংযোগ ফি'র একটি খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে যাহা নিম্নে প্রদত্ত হলো।<br><br>** পূর্বে নিবন্ধনকৃত ২৫০০ জন গ্রহকের ক্ষেত্রেঃ<br>• আবেদন ফি- ৫০০/- টাকা<br>• সংযোগ ফি- ২০ মিঃ পর্যন্ত- ২,৫০০/- টাকা | সভার সম্মতিক্রমে মেয়র মহোদয় পূর্বের নিবন্ধনের কৃত গ্রাহকের জন্য ২৫০০/- টাকা এবং নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রে ৮,৫০০/- ফি নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

<table>
<tr><td></td><td></td><td>** নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রেঃ<br>● আবেদন ফি- ৫০০/- টাকা<br>● সংযোগ ফি- ৮,০০০/- টাকা (দূরত্ব বিবেচনা বাড়তি চার্জ প্রযোজ্য)<br>** নিবন্ধন ছাড়া অন্য গ্রাহকের ক্ষেত্রেঃ<br>১। আবাসিক প্রতি ইউনিট = ২৫ টাকা<br>আবাসিক প্রতি গ্রাহক সর্বনিম্ন চার্জ = ২০০/- টাকা<br>২। বানিজ্যিক প্রতি ইউনিট = ৪০ টাকা<br>আবাসিক প্রতি গ্রাহক সর্বনিম্ন চার্জ = ৩০০/- টাকা</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>পানির অপব্যবহার ও অপচয় রোধ সম্পর্কে আলোচনাঃ</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জনান যে, পৌরসভা কর্তৃক সরবরাহকৃত পানি পুকুর, জলাশয়, ক্ষেত-খামারে সরবরাহ কিংবা সেচ কাজে ব্যবহার করা যাবেনা।<br>অন্য কোন উৎস হইতে সংযোগ গ্রহণের উপর নিষেধাজ্ঞা, যেখানে পৌরসভা কর্তৃক নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা রহেছে, সেখানে পৌরসভার অনুমোদন ব্যতিত অন্য কোন নলকূপ বা পুকুর বা পানি সরবরাহের কোন উৎস হইতে যদি পৌরসভা কর্তৃক পানি সরবরাহ সম্ভব না হয় সেই ক্ষেত্রে পৌরসভা কর্তৃক নিধারিত ফি প্রদান সাপেক্ষে পানির উৎস স্থাপন করা যাইবে।</td><td>সভার সম্মতিক্রমে মেয়র মহোদয় পানি অপব্যবহার ও অপচয় রোধ কল্পে ওয়াটার সুপারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করেন।</td></tr>
<tr><td>০৫</td><td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td><td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত জুলাই'২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>২৪২০২৩-০৭-</td><td>১নং ওয়ার্ডে প্রাথমিক বিদ্যালয় সড়ক সলিং কাজের চূড়ান্ত বিল।</td><td>১০০.৩৭৪,২৪,</td></tr>
<tr><td>২৪২০২৩-০৭-</td><td>আলেকজান্ডার মাজার সড়কের আরসিসি কাজের চূড়ান্ত বিল।</td><td>৬০০.২৯৩,১৩,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>ভান্ডারী হোটেল এন্ড রেস্টুরেন্ট জুনমাসের ২০২৩/ )আপ্যায়ন বিলবঙ্গবন্ধু গোল্ডকাপ(</td><td>৩৯০০.২৮০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>মোঃ সহিজল ইসলাম-নং ওয়ার্ডের বাসিন্দা০১-আর্থিক সাহায্য।</td><td>৩০০.০০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>মোঃ ইয়াসিন-নং ওয়ার্ডের বাসিন্দা০৫-আর্থিক সাহায্য।</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>দরপত্র সিডিউল ফটোকপি বিল।</td><td>৭৫০০০.</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>পৌর কার্যালয়ের নতুন ব্রিজ বৈদ্যুতিক ওয়ারিং ও কার্যালয়ের বৈদ্যুতিক কাজের বিল।</td><td>৬০০.৮১২,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>ষ্টেশনারী মালামাল সরবরাহ বিল।</td><td>৫০০.৫২৫,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>২টি ফটোকপি মেশিন মেরামত বিল।</td><td>৬০০.৫০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>মিজানুর রহমানশ্রান্তি -কঞ্জারভেন্সী পরিদর্শক , বিনোদন ভাতা।</td><td>২৬০০.১০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৭-</td><td>বিদ্যুৎ বিল।২০২৩'জুলাই-</td><td>১৩০০.০১৬,</td></tr>
<tr><td>২৩২০২৩-০৭-</td><td>ডিসেম্বরমাসের কাউন্সিলরদের সম্মানী ২০২৩-ভাতা।</td><td>১০০.০০০,০৮,</td></tr>
<tr><td>২৩২০২৩-০৭-</td><td>সেপ্টেম্বরমাসের কর্মকর্তা ও কর্মচারীদের ২০২২-বেতন ভাতা।</td><td>৭০০.১৫৮,৪০,</td></tr>
<tr><td>২৩২০২৩-০৭-</td><td>সহকারী প্রকৌশলীমাসের বেতন ভাতা। ২০২৩/মে-</td><td>৪৮০০.৩৩০,</td></tr>
<tr><td>২৩২০২৩-০৭-</td><td>সহকারী প্রকৌশলীমাসের বেতন ভাতা। ২০২৩/মে-</td><td>২৫০০.৫২০,</td></tr>
<tr><td>২৪২০২৩-০৭-</td><td>ক্যাবল নেটওয়ার্ক ও ইন্টারনেট সংযোগ বিল।</td><td>১৯০০.৩৯০,</td></tr>
<tr><td>২৪২০২৩-০৭-</td><td>পৌরসভার খাজনাবছর৬-</td><td>১৫০০.৫০০,</td></tr>
<tr><td>২৪২০২৩-০৭-</td><td>মোসলে উদ্দিন-নং ওয়ার্ডের বাসিন্দা০৫-আর্থিক সাহায্য।</td><td>৫০০.৫০০,</td></tr>
<tr><td>২৬২০২৩-০৭-</td><td>প্রকৌশল শাখার জন্য সিডিউল অব রেইট ২০২২/ বই ক্রয়।</td><td>৫০০.০০০,</td></tr>
</table></td><td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে জুলাই'২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-২৬২ তারিখঃ ৩১/০৮/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব.........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব.......................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।